

**বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে কিডনী ট্রান্সপ্লানটেশনের বিষয়ে মতবিনিময় ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত**  
**সামাজিক আন্দোলন গড়ে তোলার উপর গুরুত্বারোপ**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এ বিশ্ববিদ্যালয়ে ৫০০তম কিডনী ট্রান্সপ্লানটেশন সম্পন্ন করার বিষয়ে গত ৩০ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, দুপুর ১২টায় অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচতলায় শহীদ ডা. মিল্টন হলে এক মতবিনিময় সভা ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। মতবিনিময়ে ও সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর ও কিডনী ট্রান্সপ্লানটেশন ডিভিশনের প্রধান অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মাসুদা বেগম, ইউরোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ সাজিদ হাসান, কিডনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ শহিদুল ইসলাম সেলিম, শিশু কিডনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান, অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, ভাইরোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. শাহিনা তাবাসসুম, ওরাল এন্ড ম্যাক্সিলোফিশিয়াল সার্জারি বিভাগের অধ্যাপক ডা. কাজী বিল্লুর রহমান, ইউরোলজি বিভাগের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক এম এ ওয়াহাব, সাবেক চেয়ারম্যান এসএএম গোলাম কিবরিয়া, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. এম এ সালাম, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. একেএম আনোয়ারুল ইসলাম, কিডনী বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. মুহাম্মদ রফিকুল আলম, কিডনী ট্রান্সপ্লানটেশন ডিভিশনের সহযোগী অধ্যাপক ডা. তৌহিদ মোঃ সাইফুল হোসেন দিপু প্রমুখ। লিখিত বক্তব্য পাঠ করেন কিডনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ শহিদুল ইসলাম সেলিম। পরিচালনা করেন কিডনী ট্রান্সপ্লানটেশন ডিভিশনের প্রধান অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল। সংবাদ সম্মেলন ও মতবিনিময়ে উপস্থিত সম্মানিত শিক্ষকবৃন্দ, কিডনী, ইউরোলজিসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্মানিত বিশেষজ্ঞগণ, সম্মানিত সাংবাদিকবৃন্দ তাঁদের সুচিন্তিত মতামত তুলে ধরেন। বক্তারা কিডনী প্রতিস্থাপনের সামগ্রিক সফলতা নিশ্চিত করতে এবং এ বিষয়ে প্রতিবন্ধকতাসমূহ দূর করতে সামাজিক আন্দোলন গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।